

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসার কার্যালয়
ঢাকা।

ই-মেইল : deodhaka@gmail.com, ফ্যাক্স/ফোন : ০২-৮০৩৪০২৪

স্মারক সংখ্যা : জেশিঅ/ঢা/২৩০৯

তারিখ : ২৪/১১/২০২০ খ্রি:

বিষয়: 'ই-জিনিয়াস হান্ট' শিশু-কিশোরদের প্রতিভা বিকাশ বিষয়ক কর্মসূচিতে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র (১) : কমিশনার, ঢাকা বিভাগ এর স্মারক নং: ০৫.৪১.৩০০০.০২১.৯৯.০০২.১৯.১৬২/১(১), তারিখ: ২৭/১০/২০২০ ইং
সূত্র (২) : জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা এর স্মারক নং: ০৫.৪১.২৬০০.০১৩.৫২.১২১.২০/৫৭২, তারিখ: ০২/১১/২০২০ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষ ও বিজয় দিবসকে সামনে রেখে ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব) এর জনকল্যাণমূলক প্রাটফরম 'মানব সেবা' এবং 'কম্পিউটার জগৎ' ও বিভাগীয় প্রশাসন, ঢাকা এর উদ্যোগে শিশু-কিশোরদের প্রতিভা বিকাশে 'ই-জিনিয়াস হান্ট' নামক অনলাইন প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে (পত্র সংযুক্ত)। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

প্রতিযোগিতা সম্পর্কিত তথ্য:

ক) প্রতিযোগিতা অনলাইন ভিত্তিক। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রথমে www.e-genius.tv ওয়েবসাইট এ ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অথবা মোবাইল এর গুগল প্লে স্টোর থেকে e-Genius অ্যাপস ডাউনলোড করেও রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাবে।

খ) প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। মাদ্রাসা ও ভকেশনাল এর ছাত্র-ছাত্রীরাও অংশগ্রহণ করতে পারবে।

গ) প্রতিযোগিতার ক্যাটাগরি: (১) মুজিববর্ষ ও (২) বিজয় দিবস। প্রতিযোগিতার বিষয়সমূহ: ছবি আঁকা, গান, কবিতা, গল্প বলা, নাচ, অভিনয়, যেমন খুশী তেমন সাজো, এ্যানিমেশন, ক্রিয়েটিভ প্রজেক্ট এবং অন্যান্য।

ঘ) একজন প্রতিযোগী একাধিক বা ইচ্ছে করলে সব বিষয়েই অংশগ্রহণ করতে পারবে।

ঙ) www.e-genius.tv ওয়েবসাইট অথবা e-Genius অ্যাপস এর মাধ্যমে অনলাইনে প্রতিযোগিতার কনটেন্ট আপলোড করতে হবে। আগামী ১৬/১২/২০২০ ইং তারিখ পর্যন্ত কনটেন্ট আপলোড করা যাবে।

চ) অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্য থেকে বিচারকদের মাধ্যমে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের পুরস্কৃত করা হবে।

ছ) www.e-genius.tv ওয়েবসাইট এ সকল প্রতিষ্ঠানকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

রেজিস্ট্রেশন প্রক্রিয়া ও প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী বিস্তারিত জানার জন্য www.e-genius.tv ওয়েবসাইট এ ভিজিট করুন।



(মো: বেনজীর আহম্মদ)
জেলা শিক্ষা অফিসার
জেলা শিক্ষা অফিস, ঢাকা।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
ঢাকা জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা জেলা।
- ৩। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)